# Asmafen

## Ketotifen USP

**Description :**
Asmafen (Ketotifen) is a potent antihistamine which exhibits strong histamine $H_1$ receptor-blocking activity. Also, it has been shown to possess antianaphylactic properties and is effective in preventing asthmatic attacks.

**Composition :**
**Asmafen Tablet :** Each tablet contains Ketotifen fumarate USP equivalent to Ketotifen 1 mg
**Asmafen Syrup :** Each 5 ml syrup contains Ketotifen Fumarate USP equivalent to Ketotifen 1 mg

**Indications :**
Asmafen is indicated in the prophylactic treatment of bronchial asthma and also for the prevention and treatment of allergic conditions such as rhinitis, allergic bronchitis, acute and chronic urticaria, atopic dermatitis and conjunctivitis. The drug is particularly of value in patients who suffer from more than one atopic disease, e.g. asthma and rhinitis, when one formulation benefits both conditions.

**Dosage & administration :**
The usual dose of Asmafen is 1 mg twice daily with food, increased to 2 mg twice daily if necessary, initial treatment in readily sedated patients 0.5-1 mg at night. For children over 2 years, 1 mg twice daily with food. No dosage adjustment is required for the elderly patients.

**Side-effects :**
The symptomatic side effects of Kitotifen are few and relatively minor. The common side effects are drowsiness, dry mouth and slight dizziness. The incidence of drowsiness appears to decline during extended periods of treatment. Also, there have been occasional reports of CNS stimulation and weight gain. Fewer side effects are reported in children.

**Contraindication :**
Concomitant therapy of Ketotifen and oral antidiabetics should be avoided.

**Use in pregnancy & lactation :**
Although there is no evidence of teratogenic effects with the use of Ketotifen in pregnancy, use of Ketotifen should be avoided in pregnancy. Ketotifen is excreted in breast milk , therefore mothers receiving Ketotifen should be avoid breast feeding.

**Cautions :**
Treatment with existing antiasthmatic drugs should be continued for at least 2 weeks after initiation of Ketotifen treatment owing to the risk of exacerbation of asthma. For the same reason, Ketotifen should be discontinued gradually over a period of 2 to 4 weeks. Drowsiness may occur, particularly during the 1st day of treatment, so patients taking Ketotifen should be warned not to drive or operate machinery until the effect of treatment on the individual is known.

**Drug Interactions :**
A reversible fall in the platelet count has been observed in a few patients receiving Ketotifen concomitantly with oral antidiabetics, therefore it has been suggested that this combination should be avoided. Since Ketotifen has the properties of the antihistamines, it may potentiate the effects of other CNS depressant drugs such as alcohol, other antihistamines, hypnotics and sedatives.

**Storage :**
Store in a cool, dry place and away from light. Keep out of the reach of children.

**Packing :**
**Asmafen Tablet :** Each box contains 10x10's tablets in blister pack.
**Asmafen Syrup :** Each bottle contains 100 ml syrup.

*Manufactured by:*

**Globe Pharmaceuticals Ltd.**
Noakhali, Bangladesh.

# এসমাফেন

## কিটোটিফেন ইউএসপি

**বর্ণনা ঃ**
এসমাফেন (কিটোটিফেন) একটি শক্তিশালী এন্টিহিস্টামিন যা জোরালো হিস্টামিন $H_1$ রিসিপ্টর বিরোধী কার্যকারিতা রয়েছে। এছাড়াও এর অতি সংবেদনশীলতাবিরোধী গুণাগুন রয়েছে যা এ্যাজমা বা হাঁপানী রোগের প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করে।

**উপাদান ঃ**
**এসমাফেন ট্যাবলেট ঃ** প্রতিটি ট্যাবলেটে রয়েছে কিটোটিফেন ফিউমারেট ইউএসপি যা কিটোটিফেন ১ মিগ্রা এর সমতুল্য।
**এসমাফেন সিরাপ ঃ** প্রতি ৫ মিলি সিরাপে রয়েছে কিটোটিফেন ফিউমারেট ইউএসপি যা কিটোটিফেন ১ মিগ্রা এর সমতুল্য।

**নির্দেশনা ঃ**
এসমাফেন ব্রঙ্কিয়াল এ্যাজমা বা হাঁপানীর প্রতিরোধে ব্যবহৃত হয়। এছাড়াও ইহা অন্যান্য এলার্জিজনিত সমস্যা যেমন রাইনাইটিস, এলার্জিক ব্রঙ্কাইটিস, তীব্র ও দীর্ঘমেয়াদী আর্টিকেরিয়া, এটপিক ডার্মাটাইটিস ও কনজাংটিভাইটিস এর প্রতিরোধ ও চিকিৎসায় ব্যবহৃত হয়। বিশেষতঃ যে সমস্ত রোগী একই সঙ্গে এলার্জিজনিত হাঁপানী ও রাইনাইটেসে ভোগে তাদের ক্ষেত্রে এসমাফেন সবচেয়ে উপযোগী কেননা একটি ওষুধের মাধ্যমে উভয় ধরনের লক্ষণ হতে উপশম পাওয়া যায়।

**মাত্রা ও সেবনবিধি ঃ**
এসমাফেনের সাধারণ মাত্রা হচ্ছে দিনে ১ মিগ্রা করে দু'বার আহারের সাথে যা দিনে ২ মিগ্রা করে দু'বার পর্যন্ত বাড়ানো যেতে পারে। যে সমস্ত রোগী অনায়াসে তন্দ্রাছন্ন হয়ে পড়ে তাদের ক্ষেত্রে প্রাথমিক মাত্রা হচ্ছে রাতে ০.৫-১ মিগ্রা। ২ বছরের অধিক বয়সী শিশুদের ক্ষেত্রে মাত্রা দিনে ১ মিগ্রা করে দু'বার আহারের সাথে। বার্ধক্যজনিত রোগীদের ক্ষেত্রে ওষুধের মাত্রা পরিবর্তনের প্রয়োজন নেই।

**পার্শ্ব-প্রতিক্রিয়া ঃ**
কিটোটিফেনের লক্ষণজনিত পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ সাধারণতঃ সামান্য ও স্বল্প মাত্রার হয়ে থাকে। পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহের মধ্যে রয়েছে তন্দ্রাচ্ছন্নতা, মুখে শুষ্কভাব ও সামান্য মাথাঘোরার ভাব। ওষুধ গ্রহণের মেয়াদ বাড়ার সাথে সাথে তন্দ্রাচ্ছন্নতার প্রভাবও কমে যেতে থাকে। স্বল্প কিছু ক্ষেত্রে স্নায়ু উত্তেজনা ও ওজন বৃদ্ধির তথ্য পাওয়া গিয়েছে। শিশুদের ক্ষেত্রে পার্শ্ব-প্রতিক্রিয়া আরও কম পরিলক্ষিত হয়েছে।

**বিপরীত নির্দেশনা ঃ**
মুখে সেবনীয় ডায়াবেটিস বিরোধী ওষুধ ও কিটোটিফেন একসঙ্গে গ্রহণ করা যাবে না।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার ঃ**
যদিও গর্ভাবস্থায় কিটোটিফেন ব্যবহারে ভ্রুনের কোন ক্ষতির তথ্য পাওয়া যায়নি, তথাপি গর্ভাবস্থায় কিটোটিফেনের ব্যবহার থেকে বিরত থাকা উচিৎ। মায়ের দুধে কিটোটিফেন নিষ্কাশিত হয়, অতএব কিটোটিফেন গ্রহণকালে স্তন্যদান থেকে বিরত থাকা উচিৎ।

**সতর্কতা ঃ**
হাঁপানির জটিলতার ঝুঁকির কারণে কিটোটিফেন গ্রহণ শুরু করার পর ২ সপ্তাহ পর্যন্ত পূর্ববর্তী হাঁপানির ওষুধ চালিয়ে যেতে হবে। একই কারণে কিটোটিফেনের চিকিৎসার শেষ পর্যায়ে ২ থেকে ৪ সপ্তাহ ধরে ধীরে ধীরে ওষুধ বন্ধ করে দিতে হবে। কিটোটিফেন গ্রহণ শুরু করার পর প্রথম দিনে তন্দ্রাচ্ছন্নতা দেখা দিতে পারে, ব্যক্তি বিশেষের উপর তন্দ্রাচ্ছন্নতার প্রভাব সম্পর্কে কোন পূর্ব নিশ্চয়তা না থাকায় এ বিষয়ে নিশ্চিত না হাওয়া পর্যন্ত গাড়ি বা যন্ত্রপাতি চালনা সম্পর্কে রোগীকে সতর্ক করে দেওয়া উচিৎ।

**ড্রাগ ইন্টার‍্যাকশন ঃ**
মুখে সেবনীয় ডায়াবেটিস বিরোধী ওষুধের সাথে কিটোটিফেন গ্রহণের ফলে রক্তের অনুচক্রিকার পরিমাণ অস্থায়ীভাবে কমে যাওয়ার তথ্য পাওয়া গিয়েছে এবং এ কারণে এই ওষুধদ্বয় এক সঙ্গে গ্রহণ হতে বিরত থাকা উচিৎ। যেহেতু কিটোটিফেনের হিস্টামিন বিরোধী গুনাগুন রয়েছে সেহেতু ইহা CNS ডিপ্রেসেন্ট যেমন এ্যালকোহল, অন্যান্য এন্টিহিস্টামিন, হিপনোটিক ও সিডেটিভ ওষুধের কার্যকারিতাকে বাড়িয়ে দিতে পারে।

**সংরক্ষণ ঃ**
ঠান্ডা, শুষ্ক স্থানে ও আলো থেকে দূরে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিং ঃ**
**এসমাফেন ট্যাবলেট ঃ** প্রতিটি বাক্সে রয়েছে ১০ x ১০টি ট্যাবলেট ব্লীস্টার প্যাকে।
**এসমাফেন সিরাপ ঃ** প্রতিটি বোতলে রয়েছে ১০০ মিলি সিরাপ।

*প্রস্তুতকারকঃ*

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**
নোয়াখালী, বাংলাদেশ